দৈনিক ইত্তেফাক

তারিখ 01 JAN 1989
পৃষ্ঠা ... 4 কলাম 2 ...

2

0 1 JAN 1989

## গুরুদয়াল কলেজে বি,এসসি এবং বি, কম পাস কোর্স চালু রাখুন

কিছুদিন আগে একটি জাতীয় দৈনিক পত্রিকা মারফত জানতে পারলাম যে, কিশোরগঞ্জ গুরুদয়াল সরকারী কলেজ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বি,এসসি ও বি কম পাস কোর্স শিক্ষক-স্বল্পতার অজুহাতে বন্ধ করে দিয়েছেন। কিশোরগঞ্জ জেলার একমাত্র সরকারী এই ডিগ্রী কলেজটির গত তিরিশ বছরের পরীক্ষার ফলাফল অত্যন্ত সন্তোষজনক। দেশে যখন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সীটের স্বল্পতার জন্য ছাত্র-ছাত্রী ভর্তি হতে পারছে না, সেখানে সরকার বিভিন্ন কলেজে অনার্স কোর্স খোলার সিদ্ধান্ত নিয়ে উচ্চশিক্ষার সুযোগ সাধারণ শিক্ষার্থীদের দোর গোড়ায় নিয়ে যাওয়ার ওয়াদা করছেন। কোন কোন ক্ষেত্রে সিদ্ধান্তও নিচ্ছেন। সরকারের এই সিদ্ধান্তের পাশাপাশি কিশোরগঞ্জ জেলাবাসীর একান্ত দাবি ছিল এই ঐতিহ্যবাহী কলেজে অনার্স কোর্স চালু করা হোক। অথচ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উচ্চশিক্ষার সুযোগকে ত্বরান্বিত না করে বরং বি, এসসি ও বি, কম পাস কোর্স শিক্ষক-স্বল্পতার অজুহাতে তুলে দিয়েছেন। অথচ শিক্ষক নিয়োগের দায়িত্বটিও সরকারের।

এক্ষণে, মাননীয় আচার্য, শিক্ষামন্ত্রীসহ সংশ্লিষ্ট মহলের কাছে এ ব্যাপারে কার্যকর ব্যবস্থা নেবার আহ্বান জানাই যাতে বি, এস সি ও বি কম পাস কোর্স অব্যাহত থাকে।

মোঃ রেফাতউল্লাহ ভূঁঞা
৬, কবি জসীমউদদীন সড়ক,
কমলাপুর, ঢাকা।